

KTurtle এর জন্য নির্দেশ পত্র

(শুধুমাত্র লিনাক্স OS এর জন্য)

স্পোকেন টিউটোরিয়াল দল, আই আই টি বোম্বে

## 1- অনলাইন/অফলাইন বিষয়বস্তু

1. স্পোকেন টিউটোরিয়ালের অনলাইন বিষয়বস্তু এই লিঙ্ক থেকে অ্যাক্সেস করা যেতে পারে  
<http://spoken-tutorial.org/tutorial-search/>
2. স্পোকেন টিউটোরিয়াল অফলাইন শেখার জন্য এই লিঙ্ক থেকেও ডাউনলোড করতে পারেন <http://spoken-tutorial.org/cdcontent/>
3. আপনি যে ভাষায় শিখতে চান লিঙ্ক থেকে সেই FOSS Category ডাউনলোড করুন।
4. স্পোকেন টিউটোরিয়াল বিষয়বস্তু মেশিনে একটি zip ফাইল হিসাবে ডাউনলোড করা হবে।
5. zip ফাইলের বিষয়বস্তু নিষ্কাশিত করে তাদের অ্যাক্সেস করুন।

## 2-অনুশীলন করার পদ্ধতি

1. আপনাকে স্পোকেন টিউটোরিয়ালের একটি সেট এবং ফাইল দেওয়া হয়েছে।
2. আপনি সাধারণত এক সময়ে একটি টিউটোরিয়াল করতে পারবেন।
3. আপনি স্পোকেন টিউটোরিয়াল শুনতে পারেন এবং ভিডিওতে দেখানো সকল পদক্ষেপ পুনরায় করে দেখতে পারেন।
4. আপনার উপরোক্ত কাজ কঠিন মনে হলে সম্পূর্ণ টিউটোরিয়াল একবার শুনুন এবং তারপর দ্বিতীয়বার শোনার দরুন অনুশীলন করুন।

### 3- **KTurtle**

1. "Select FOSS" বা "All FOSS Categories" ড্রপ ডাউনে টিপুন এবং "KTurtle" নির্বাচন করুন।
2. "Select Language" বা "All Languages" ড্রপ ডাউনে টিপুন এবং ভাষা (ইংরেজি, হিন্দি, মারাঠি ...) নির্বাচন করুন যা আপনি শিখতে চান।
3. "Submit" বোতামে টিপুন।
4. আপনি আপনার নির্বাচনের উপর ভিত্তি করে টিউটোরিয়ালের তালিকা দেখবেন।
5. প্রদর্শিত তালিকার প্রথম টিউটোরিয়াল দিয়ে শুরু করি।

### 4. প্রথম টিউটোরিয়াল: **Introduction**

1. "Introduction" টিউটোরিয়াল খুঁজুন এবং এটিতে টিপুন।
2. টিউটোরিয়ালটি দেখতে, প্লেয়ারে অবস্থিত, **Play** আইকনে টিপুন।
3. পূর্বে প্রয়োজনীয় জিনিস অর্থাৎ প্রি-রিকুইসিট (শুধুমাত্র অনলাইন কন্টেন্টের জন্য) প্লেয়ারের নীচের দৃশ্যমান হবে।
4. আউটলাইন, অ্যাসাইন্মেন্ট, কোড ফাইল এবং স্লাইড প্লেয়ারের নীচে দৃশ্যমান।
5. আপনার ব্রাউসারের আকার এইভাবে বিন্যাস করুন যাতে সাথে সাথে আপনি অনুশীলন করতে পারেন।
6. এই টিউটোরিয়ালগুলি লিনাক্স উবুন্টুর দুটি ভিন্ন সংস্করণে তৈরী করা হয়েছে যা হল **10.04** এবং **11.10**. অতঃপর, আপনি টিউটোরিয়ালে **KTurtle** খুলতে বিভিন্ন নির্দেশাবলী পাবেন।

#### 4.0.1- উবুন্টু লিনাক্সে **KTurtle** খোলা

- (a) উবুন্টু লিনাক্স 11.04 এ - Applications >> Education >> KTurtle এ টিপুন।
- (b) উবুন্টু লিনাক্স 11.10 এ - Dash Home >> Media Apps এ টিপুন >> Type থেকে Education তারপর KTurtle চয়ন করুন।
- (c) উবুন্টু লিনাক্স 12.04 এ - Dash Home এ টিপুন >> Search বার দেখায়। Search বারে লিখুন KTurtle >> KTurtle বিকল্পে টিপুন।
- (d) 0:46 মিনিট থেকে 1:13 মিনিট পর্যন্ত টিউটোরিয়াল দেখায় যে KTurtle কিভাবে খোলে।
- (e) আপনি KTurtle না খুলতে পারলে টার্মিনালে যান।
- (f) এটি করতে CTRL, ALT এবং T কী একসাথে টিপুন।
- (g) টার্মিনালে লিখুন kturtle এবং এন্টার টিপুন। এটি KTurtle খুলবে।

#### 4.1- অনুশীলনের নির্দেশাবলী

- (a) ডেস্কটপে আপনার "নাম-রোল নম্বর-কম্পোনেন্ট" (যেমন "madhuri-04-KTurtle") এর সাথে একটি ফোল্ডার তৈরী করুন।
- (b) পরের বার সনাক্ত করতে আপনার সংরক্ষণ করা ফাইলের অনন্য নাম দিন (যেমন. "Practice-1-madhuri")

- (c) আপনার ফোল্ডারে আপনার সকল কাজ সংরক্ষণ করতে মনে রাখুন।
- (d) এটি নিশ্চিত করবে আপনার ফাইল অন্য কোনো ফাইলের উপর লেখা হয়নি।
- (e) একেবারে শেষে সংরক্ষণ করার পরিবর্তে সময়ে সময়ে আপনার ফাইল সংরক্ষণ করুন।

#### 4.4- নির্দেশিত কাজের জন্য সাধারণ নির্দেশাবলী

- (a) টিউটোরিয়ালে বর্ণিত নির্দেশিত কাজ চেষ্টা করুন।
- (b) ফোল্ডারে আপনার কাজ সংরক্ষণ করুন।

#### 4.5- কোড ফাইল ব্যবহার করতে সাধারণ নির্দেশাবলী

- (a) প্লেয়ারের নীচে অবস্থিত "Code files" লিঙ্কে টিপুন এবং আপনার ফোল্ডারে তা সংরক্ষণ করুন।
- (b) ডাউনলোড করা zip ফাইল এক্সট্রাক্ট করুন।
- (c) আপনি নির্দিষ্ট টিউটোরিয়ালে ব্যবহৃত সকল কোড / সোর্স ফাইল দেখতে পারবেন।
- (d) নির্দিষ্ট টিউটোরিয়ালে দেওয়া নির্দেশাবলী অনুযায়ী এই ফাইলগুলি ব্যবহার করুন।

6. সম্পূর্ণ টিউটোরিয়াল চালান-থামান-অভ্যাস করুন।

7. একবার টিউটোরিয়ালে সমাপ্ত হয়ে গেলে, প্লেলিস্ট থেকে পরবর্তী টিউটোরিয়াল নির্বাচন করুন যা প্লেয়ারে ডান পাশে বা নীচে অবস্থিত।

8. শৃঙ্খলার সকল টিউটোরিয়াল সমাপ্ত করা পর্যন্ত সর্বোপরি নির্দেশাবলী অনুসরণ করুন।